



বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (NTRCA)
রেড ক্রিসেন্ট বোরাক টাওয়ার (৪র্থ তলা)
৩৭/৩/এ, ইন্সটান গার্ডেন রোড, রমনা, ঢাকা-১০০০
ফ্যাক্স: ০২-৪১০৩০০৪৯, ওয়েবসাইট: www.ntrca.gov.bd
ই-মেইল: office@ntrca.gov.bd

স্মারক নং: ৩৭.০৫.০০০০.০১০.০৫.০০২.২০.২৩ন

তারিখ: ০৪ মার্চ, ২০২১ খ্রি.

বিষয়: শিক্ষক নিবন্ধন সনদ যাচাই।

সূত্র: তাঁর অফিসের স্মারক নং ৩৭.০২.৮৫০০.০০০.০৮.০০৪.২১.৩২১, তারিখ: ০৯.০২.২০২১ খ্রি।

উপর্যুক্ত বিষয়ে সূত্রোক্ত পত্রের পরিপ্রেক্ষিতে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, পত্রের সাথে সংযুক্ত সনদ যাচাইয়ের ৩টি প্রতিবেদন এবং সংযুক্ত দু'টি সনদ পুঙ্খানুপুঙ্খ যাচাই করা হয়। যাচাইয়ের তথ্য নিম্নরূপ:

- ১৯ জুন ২০১৪ খ্রি. তারিখের বেশিনিক/শি.শি./সনদ যাচাই (সকল)/৪২১(অংশ-৬)/২০১৩/৩৮৩ সংখ্যক স্মারকমূলের প্রতিবেদনটি এনটিআরসিএ অফিস থেকে প্রেরণ করা হয়েছে, যা এনটিআরসিএ অফিসের পত্র প্রেরণ রেজিস্টার বহিতে লিপিবদ্ধ রয়েছে।
- ১০ ডিসেম্বর ২০১৫ খ্রি. তারিখের বেশিনিক/শি.শি./সনদ যাচাই (সকল)/৪৪৮(অংশ-৫)/২০১৫/২৫৯ সংখ্যক স্মারকমূলের প্রতিবেদনটি এ অফিস থেকে প্রেরণ করা হয়নি। পত্রটি সম্পর্কে এ অফিসের পত্র প্রেরণ রেজিস্টার বহি যাচাই করে দেখা যায় যে, ১০ ডিসেম্বর, ২০১৫ তারিখ উক্ত স্মারকে কোন পত্র ইস্যু করা হয় নাই।
- ২২ মে, ২০১৬ খ্রি. তারিখের বেশিনিক/শি.শি./সনদ যাচাই (সকল)/৪২১(অংশ-৬)/২০১৬/৪৯৭ সংখ্যক স্মারকমূলের প্রতিবেদনটি এ অফিস থেকে প্রেরণ করা হয়নি। এ অফিসের পত্র প্রেরণ রেজিস্টার বহি যাচাই করে দেখা যায় যে, ২২ মে, ২০১৬ খ্রি. তারিখে উক্ত স্মারকে কোন পত্র ইস্যু করা হয় নাই।
- অভিযোগ পত্রের সাথে সংযুক্ত সনদ দু'টি যাচাইয়ের বর্ণনা নিম্নরূপ:

ক্রমিক নং	নাম, পিতা ও মাতার নাম	রোল, রেজিঃ, সন ও পরীক্ষা নং	পদ	বিষয়	এনটিআরসিএ'র মন্তব্য
১.	নাম: বিপালী বেগম পিতা: মোঃ বেলাল হোসেন	রোল : ৪১০৯০০৯৭ রেজি: অস্পষ্ট ৩য় শিক্ষক নিবন্ধন পরীক্ষা-২০০৭	সহকারী শিক্ষক (সমাজ বিজ্ঞান)	সমাজ বিজ্ঞান	সনদটি সঠিক নয়। সনদটি জাল ও ভুয়া। রোল নম্বরটি অন্য ব্যক্তির। রোল নম্বরধারীর নাম মোঃ মাসুম তালুকদার, পিতা- মোঃ আজহার আলী তালুকদার।
২.	নাম: বিপালী বেগম পিতা: মোঃ বেলাল হোসেন	রোল : ২১০১০৪৭৮ রেজি: ৬৪০০৪৫৪/২০০৬ ২য় শিক্ষক নিবন্ধন পরীক্ষা-২০০৬	সহকারী শিক্ষক	সমাজ বিজ্ঞান	সনদটি সঠিক নয়। সনদটি জাল ও ভুয়া। রোল নম্বরটি অন্য ব্যক্তির। রোল নম্বরধারীর নাম মোছাঃ শ্যামলী আকতার বানু, পিতা- মোঃ খলিলুর রহমান। রোল নম্বরধারী পরীক্ষায় অনুপস্থিত।

বর্ণিত প্রার্থীর শিক্ষক নিবন্ধন সনদ জাল/ভুয়া মর্মে প্রতীয়মান হয়েছে। সূত্রোক্ত পত্রে বর্ণিত ক্রমিক (১) ও (২) এর বর্ণিত প্রতিবেদন দু'টিতে এনটিআরসিএ'র সহকারী পরিচালক জনাব মোঃ লোকমান হোসেন এর স্বাক্ষর জাল করা হয়েছে। অধিকতর যাচাই শেষে উক্ত প্রতিবেদন দু'টি এবং জনাব বিপালী বেগম এর শিক্ষক নিবন্ধন সনদ দুটি জাল/ভুয়া মর্মে দালিলিকভাবে প্রমাণিত হয়েছে। এতে বুঝা যায় যে, জনাব বিপালী বেগম একজন Habitual offender বা অভ্যাসগত অপরাধী। এহেন জালিয়াতকে আইনের আওতায় আনা না হলে তিনি আরও জালিয়াতি করবেন বিধায় তার বিরুদ্ধে জালিয়াতির মামলা করা উচিত বলে এনটিআরসিএ মনে করে। এমতাবস্থায়, উক্ত জাল/ভুয়া সনদধারী ব্যক্তির বিরুদ্ধে সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান হতে থানায় মামলা দায়ের করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

০৪.০৩.২০২১

(তাজুল ইসলাম)

সহকারী পরিচালক (পম্প্র-৩)
এনটিআরসিএ, ঢাকা।

প্রাপক:

আঞ্চলিক উপপরিচালক
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা
রংপুর অঞ্চল, রংপুর।

অনুলিপি:

- সিস্টেম এনালিস্ট, এনটিআরসিএ, ঢাকা (পত্রটি এনটিআরসিএ'র ওয়েবসাইটে আপলোড করার অনুরোধসহ)।
- সুপার, হাড়িয়াকুটি দাখিল মাদ্রাসা, তারাগঞ্জ, রংপুর।
- অফিস কপি।